

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭৫৬

আগরতলা, ৯ নভেম্বর, ২০২৪

রাজভবনে উত্তরাখন্ড রাজ্যের পূর্ণরাজ্য দিবস উদযাপন
উত্তরাখন্ডকে দেবভূমি বা ল্যান্ড অব গডস বলেও আখ্যায়িত করা হয় : রাজ্যপাল



আমাদের দেশের উত্তরাখন্ড রাজ্যের সমৃদ্ধ প্রাকৃতিক সৌন্দর্য বিশেষ করে বনাঞ্চল, বিশেষ করে জল, বিভিন্ন মন্দির এবং বরফে ঢাকা পর্বতশৃঙ্গ মানুষকে আকৃষ্ট করে। উত্তরাখন্ড রাজ্যে রয়েছে বদ্রিনাথ, কেদারনাথ সহ আরও বিখ্যাত মন্দির। এজন্য উত্তরাখন্ডকে দেবভূমি বা ল্যান্ড অব গডস বলেও আখ্যায়িত করা হয়। আজ সকালে রাজভবনে উত্তরাখন্ড রাজ্যের পূর্ণরাজ্য দিবস অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন। অনুষ্ঠানে রাজ্যপাল বলেন, সংস্কৃতি, ভাষা ও ঐতিহ্য নিয়ে ভারত এক বৈচিত্রময় দেশ। দেশের একটি রাজ্যের পূর্ণরাজ্য দিবস উদযাপনের মধ্য দিয়ে সেই রাজ্যের মানুষের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতিকে তুলে ধরা হয়। উত্তরাখন্ড রাজ্যের পূর্ণরাজ্য দিবস উদযাপন উপলক্ষে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু উত্তরাখন্ডের জনগণকে আন্তরিক শুভেচ্ছা জানান।

অনুষ্ঠানে রাজ্যে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান এবং অন্যান্য প্রতিষ্ঠানে কর্মরত উত্তরাখন্ডবাসীকে রাজভবনে আমন্ত্রণ জানানো হয়। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন রাজ্যপালের সচিব ইউ কে চাকমা। তাছাড়া বক্তব্য রাখেন পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগী, মিস ছন্দা রাণা, আইআইআইটি আগরতলার রেজিস্ট্রার ড. আশীষ বাদোলা, ভূপেন্দ্র সিং পাণ্ডে। অনুষ্ঠানে রাজভবনের আধিকারিক ও অন্যান্য কর্মীগণ উপস্থিত ছিলেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।
